184 22

দৈনিক বাংলা

তারিখ 21 APR 1995
পৃষ্ঠা ১ কলাম ৬

যশোর ও কুমিল্লা বোর্ড

# রেজিস্ট্রেশন কেলেঙ্কারি ঃ ছাত্রদের বিক্ষোভ মামলা দায়ের

**স্টাফ রিপোর্টার ঃ** এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন বাতিল ও প্রবেশপত্র না পাওয়ায় দেশের বিভিন্ন স্থানে বিক্ষুব্ধ পরীক্ষার্থীরা হরতাল আহবান করেছে। যশোর বোর্ডের কন্ট্রোলারকে প্রাণনাশের হুমকি দেয়া হয়েছে। ভাংচুরের কারণে পুলিশের সাথে সংঘর্ষে বরিশালে ৬ জন আহত ও ১৪ জন গ্রেফতার হয়েছে। ভোলা ও পটুয়াখালীতে প্রবেশপত্র না পাওয়া ছাত্ররা যশোর বোর্ডের চেয়ারম্যানের বিরুদ্ধে ১১টি মামলা দায়ের করেছে। যশোর বোর্ডে ১৫ হাজার ও কুমিল্লা বোর্ডে তিন হাজার ছাত্রছাত্রীর রেজিস্ট্রেশন বাতিল করা হয়েছে। যশোর ব্যুরো জানায়, উত্তেজনার মুখে বৃহস্পতিবার যশোর শিক্ষা বোর্ডের এসএসসি

(৮-এর পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## রেজিস্ট্রেশন কেলেঙ্কারি ঃ ছাত্রদের বিক্ষোভ মামলা

(প্রথম পৃষ্ঠার পর)

পরীক্ষা শুরু হচ্ছে। প্রায় ১৫ হাজার ভুয়া পরীক্ষার্থীর পরীক্ষার আবেদন বাতিল করায় তারা এখন পরীক্ষা বানচালের হুমকি দিচ্ছে। তাদের ডাকা হরতাল বুধবার যশোর শহরে মোটেও প্রতিক্রিয়া ফেলেনি। বৃহস্পতিবারও তারা এখানে হরতাল ডেকেছে। তবে প্রশাসন শান্তিপূর্ণভাবে পরীক্ষা অনুষ্ঠানের ব্যাপারে সমস্ত ব্যবস্থাই গ্রহণ করেছে।

বুধবার পরীক্ষা নিয়ন্ত্রক সাংবাদিকদের জানান তাকে টেলিফোনে প্রাণনাশের হুমকি দেয়া হয়েছে। শিক্ষা বোর্ড এলাকা এবং কর্মকর্তাদের নিরাপত্তা নিশ্চিত করতে সেখানে অস্থায়ী পুলিশ ক্যাম্প বসানো হয়েছে।

### কুমিল্লা

নিজস্ব সংবাদদাতা কুমিল্লা থেকে জানান, ভুয়া ও মেয়াদোত্তীর্ণ রেজিস্ট্রেশনের জন্য কুমিল্লা শিক্ষা বোর্ডের প্রায় তিন হাজার পরীক্ষার্থী এ বছরের এসএসসি পরীক্ষায় অংশ নিতে পারছে না। গত দেড় মাস যাবৎ বোর্ড কর্তৃপক্ষ পরীক্ষার্থীদের অন্তর্ভুক্তি ফরম যাচাই বাছাই করার পর বিভিন্ন স্কুলের নামে পরীক্ষার্থীদের তালিকা থেকে এই ধরনের রেজিস্ট্রেশনগুলো বের করে।

কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীন প্রায় ২শ' স্কুলে এই ধরনের ভুয়া ও মেয়াদোত্তীর্ণ রেজিস্ট্রেশন পাওয়া গেছে। জানা যায়, কুমিল্লা শিক্ষা বোর্ডের অধীন সবক'টি জেলাতেই এই ধরনের কিছু স্কুল রয়েছে। তবে কুমিল্লা ও চট্টগ্রাম জেলাতেই এর সংখ্যা অনেক বেশী বলে জানা গেছে। বুধবার কুমিল্লা শিক্ষা বোর্ড প্রাঙ্গণে শত শত শিক্ষক-অভিভাবক ও পরীক্ষার্থীকে উৎকণ্ঠিত অবস্থায় প্রবেশপত্রের জন্য অপেক্ষা করতে দেখা গেছে। কিন্তু বোর্ড কর্তৃপক্ষ প্রবেশপত্র দেওয়া হবে না বলে সিদ্ধান্ত নিয়েছে তবে কর্তৃপক্ষ এই ধরনের পরীক্ষার্থীর সার্বিক সংখ্যা জানাতে পারেনি।

### বরিশাল

নিজস্ব সংবাদদাতা বরিশাল থেকে জানান, প্রবেশপত্র না পাওয়ায় জেলার ৮ শতাধিক এসএসসি পরীক্ষার্থী পরীক্ষা প্রদানের দাবিতে ২০ এপ্রিল ও ২১ এপ্রিল জেলাব্যাপী ৪৮ ঘন্টা হরতাল আহবান করেছে।

বুধবার বিকাল ৪টায় স্থানীয় জেলা স্কুল মাঠে অনুষ্ঠিত এক ছাত্র সমাবেশ থেকে উক্ত হরতালের ঘোষণা দেয়া হয়। সভা শেষে ছাত্রদের এক বিক্ষোভ মিছিল বের হয়ে শহরের কয়েকটি সড়ক প্রদক্ষিণকালে বিক্ষুব্ধ ছাত্ররা বিসিকের একটি জীপ গাড়ি ভাংচুর করে। এ সময়ে পুলিশ ছাত্র মিছিলের ওপর লাঠিচার্জ ও ১৪ জন ছাত্রকে গ্রেফতার করে। পুলিশের লাঠিচার্জের ফলে ৬ জন ছাত্র আহত হয়।

### ভোলা

নিজস্ব সংবাদদাতা জানান ঃ ছাত্র[illegible]দের আবেদনের শুনানির তারিখ আদালত আগামী ১৮ মে ধার্য করায় ভোলা জেলার ৩৮৫ জন পরীক্ষার্থী বৃহস্পতিবারের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করতে পারছেন।

যশোর বোর্ডের সহকারী কন্ট্রোলার আমিনউদ্দীন আহমেদের আবেদনের প্রেক্ষিতে আদালত এ শুনানির তারিখ পরিবর্তন করেছেন।

পরীক্ষার্থীরা বৃহস্পতিবার জেলা সদরে পূর্ণদিবস হরতাল আহবান করেছে এবং মিছিল করেছে। ছাত্ররা জেলা প্রশাসক, পুলিশ সুপার ও প্রেসক্লাবে স্মারকলিপি পেশ করেছে।

### পটুয়াখালী

নিজস্ব সংবাদদাতা পটুয়াখালী থেকে জানান ঃ ৪৪১ জন পরীক্ষার্থী তাদের প্রবেশপত্র না পাওয়ায় গতকাল বুধবার সহকারী জজ আদালতে যশোর বোর্ডের চেয়ারম্যানকে বিবাদী করে ৬টি পৃথক মামলা দায়ের করেছে। এ নিয়ে গত দু'দিনে ৬১১ জন পরীক্ষার্থী ৮টি মামলা দায়ের করেছে। পটুয়াখালীর ৫টি থানায় ৯৮৮ জন পরীক্ষার্থী তাদের প্রবেশপত্র পায়নি বলে জানা গেছে।

নিজস্ব সংবাদদাতা সাতক্ষীরা থেকে জানান সাতক্ষীরার মোট আটটি এসএসসি পরীক্ষা কেন্দ্রের অধীনে বিভিন্ন বিদ্যালয়ে অন্তত একহাজার ছেলেমেয়ের প্রবেশপত্র আসেনি। কিছুসংখ্যক দুর্নীতিবাজ শিক্ষক তাদের পরীক্ষার ব্যবস্থার নাম করে মোটা অংকের টাকা নিয়ে গাঢাকা দিয়েছে। বুধবার এসব ছাত্রছাত্রী ও তাদের অভিভাবকরা হন্যে হয়ে শিক্ষকদের খুঁজে ফিরছেন।

### রাঙ্গামাটি

নিজস্ব সংবাদদাতা রাঙ্গামাটি থেকে জানান ঃ প্রবেশপত্র না আসায় ১৮জন বিক্ষুব্ধ পরীক্ষার্থী বুধবার সকালে রাঙ্গামাটি জেলার কাউখালী থানার ঘাঘড়া উচ্চ বিদ্যালয়ে সহকারী প্রধান শিক্ষককে বেদম প্রহার করেছে।